

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

14 OCTOBER 2026

7:45—7:55PM

(১) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার আগামীকাল মুখ্যমন্ত্রীর নিযুক্ত মইনা এবং নিযুক্ত বাবু প্রকল্পের প্রথম কিস্তির অর্থ প্রদানের সূচনা/

(২) জাতীয় সামাজিক সাহায্য কার্যসূচি চলতি অর্থবছর থেকে পাঁচ বছরের জন্যে অব্যাহত রাখার প্রস্তাবে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন/

(৩) পশুজাত সামগ্রী উৎপাদনের ক্ষেত্রে আসামকে স্বাবলম্বী করার বিষয়ে রাজ্যের বিভাগীয় মন্ত্রী নীলিমা দেবীর গুরুত্ব আরোপ/

এবং

(৪) শারদীয় দুর্গোৎসবের শুরুর প্রাক্কালে আজ চতুর্থী তিথিতে বরাক উপত্যকায় উৎসবের আবহ/ বরাক উপত্যকার কয়েকটি পুজো মন্ডপের উদ্বোধন/

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল মুখ্যমন্ত্রীর নিযুক্ত মইনা ও নিযুক্ত বাবু প্রকল্পের প্রথম কিস্তির অর্থ প্রদান করবেন। এই প্রকল্পের দ্বারা ৫ লক্ষ ৪২ হাজার ছাত্র ছাত্রী উপকৃত হবে। নিযুক্ত মইনা প্রকল্পের অধীনে একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের ৮০০ টাকা করে, স্নাতক ছাত্রীদের একহাজার ২৫০ টাকা করে, স্নাতকোত্তর ও বি এডের ছাত্রীদের দুহাজার ৫০০ টাকা করে এবং পলিটেকনিকের ছাত্রীদের ৮০০ টাকা করে প্রদান করা হবে। একইভাবে নিযুক্তবাবু প্রকল্পের অধীনে স্নাতক ছাত্রদের একহাজার টাকা করে এবং স্নাতকোত্তর ছাত্রদের দুহাজার টাকা করে প্রদান করা হবে। এ উপলক্ষ্যে গৌহাটীর জ্যোতি-বিষ্ণু কলা মন্দিরে বেলা ১১ টায় অনুষ্ঠিত কেন্দ্রীয়

অনুষ্ঠানে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃরঞ্জিত পেণ্ডু সহ বেশকয়েকজন সাংসদ ,বিধায়ক উপস্থিত থাকবেন ।

কেন্দ্রীয় মন্ত্রীসভা জাতীয় সামাজিক সাহায্য কার্যসূচি ২০২৬-২৭ অর্থবর্ষ থেকে ২০৩০-৩১ বর্ষ পর্যন্ত পাঁচ বছরের জন্যে অব্যাহত রাখার প্রস্তাবে অনুমোদন জানিয়েছে । মন্ত্রীসভার বৈঠকের শেষে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে আজ তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণে বলেন যে- মন্ত্রীসভা সামাজিক সুরক্ষার জন্য ৫৩ হাজার ৪২৮ কোটি টাকা ব্যয়ে অনুমোদন জানিয়েছে । তিনি বলেন যে- দিব্যাঙ্গ পেনশন প্রকল্পের এখন থেকে ৭৯ বছর বয়স পর্যন্ত ৩৭৫ টাকা এবং ৮০ বছর এবং এর বেশি বয়সের দিব্যাঙ্গদেরকে ৬২৫ টাকা করে প্রদান করা হবে । প্রধানমন্ত্রী সামাজিক সাহায্য যোজনার আওতায় দিব্যাঙ্গদের জন্যে শারীরিক প্রতিবন্ধকতার মান ৮০ শতাংশ থেকে ৪০ শতাংশে হ্রাস করা হয়েছে বলেও তিনি জানিয়েছেন । শ্রী বৈষ্ণে আরো বলেন যে- এর আওতায় দিব্যাঙ্গ পেনশন জন্যে ন্যূনতম বয়স জন্মের সময় থেকেই প্রযোজ্য হবে । তিনি বলেন- মন্ত্রীসভার অনুমোদনের ফলে দেশের ৩৬টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মোট তিন কোটি কুড়ি লক্ষ সুবিধা প্রাপক উপকৃত হবেন ।

বৃদ্ধ এবং স্বামীর মৃত্যু হওয়া মহিলাদের ক্ষেত্রে পেনশন এবং পারিবারিক লাভ প্রকল্প বর্তমানের নিয়ম অনুযায়ী অব্যাহত থাকবে বলে তিনি জানিয়েছেন ।

কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও জলপথ দপ্তরের মন্ত্রী সর্বানন্দ সনোয়াল দেশের জাহাজ নির্মাণ শিল্পকে সহায়তা করতে জাতীয় জাহাজ নির্মাণ অভিযানের উদ্যোগে দুটি বিশেষ ঋণ বিপদ বীমা ঘোষণা করেছেন । মুম্বাইতে অনুষ্ঠিত একবিংশ সামুদ্রিক রাজ্য উন্নয়ন পর্যদের বৈঠকে ভাষণ প্রসঙ্গে শ্রী সনোয়াল বলেন যে- জাহাজ নির্মাণ প্রকল্পে ঋণ বিপদ বীমা নীতির রপ্তানি প্রকল্প সমূহকে অন্তর্ভুক্ত করা হবে । এদিকে ব্যবসায়িক ঋণ নীতির মাধ্যমে জাহাজ নির্মাতারা ঘরোয়া প্রকল্প সমূহকে সুরক্ষা দেবেন । জাহাজ নির্মাণকে একটি বৃহৎ এবং বেশ কয়েক বছরের কাজ বলে অভিহিত করে শ্রী সনোয়াল বলেন যে- সরকার বীমার প্রিমিয়ামের ক্ষেত্রে সাবসিডি প্রদান করবে এবং জাহাজ নির্মাণ কারখানার ক্ষেত্রে বীমা কোম্পানি সমূহকে প্রত্যক্ষভাবে সহায়তা করবে । তিনি বলেন- বিশ্বের বাজারের পরিবেশ হঠাৎ পরিবর্তন হওয়ার ফলে জাহাজ নির্মাণ কারখানা সমূহকে বিশ্বমানের জাহাজ নির্মাণ করতে সহায়তা করাই সরকারের লক্ষ্য ।

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ ডিব্ৰুগড়ে নিম্নীৰমান আসাম বিধানসভার দ্বিতীয় প্রাঙ্গন পরিদর্শন করে কাজকর্মের অগ্রগতির খোঁজ নেন । মুখ্যমন্ত্রী প্রকল্পটির সঠিক পরিকল্পনা ,বিভাগীয় সমন্বয় ও নির্মাণের ক্ষেত্রে গুণগত মান অক্ষুণ্ণ রাখার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করেন । এই প্রাঙ্গণে মূল বিধানসভা ভবন , বিধায়ক আবাস ,৮০০ আসন বিশিষ্ট প্রেক্ষাগৃহ সহ অন্যান্য প্রয়োজনীয় সুবিধাসমূহ থাকবে । ড.শর্মা নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটির নির্মাণ সম্পূর্ণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন ।

এরপর মুখ্যমন্ত্রী খনিকরে নিম্নীৰমান বহুমুখী ক্রীড়া প্রাঙ্গন পরিদর্শন করে কাজকর্মের অগ্রগতির পর্যালোচনা করেন । তিনি ক্রীড়া পরিকাঠামোর মান অক্ষুণ্ণ রেখে নির্মাণ কাজ শীঘ্র সম্পূর্ণ করা সহ ভবিষ্যত প্রজন্মের ক্রীড়া প্রতিভাসমূহকে বিকশিত করার উপযোগী অত্যাধুনিক এই ক্রীড়া প্রকল্প গড়ে তুলতে লোকনির্মাণ বিভাগকে নির্দেশ দেন ।

আসাম আন্দোলনের ফলশ্রুতিতে জন্মলাভ করা অসম গণপরিষদের ৪২ তম প্রতিষ্ঠা দিবস আজ রাজ্যের বিভিন্ন জেলায় উদযাপন করা হয়েছে । ধেমাজির কাছাড়ি ময়দানে আজ দিনব্যাপী কার্যসূচির মাধ্যমে আঞ্চলিক দলটির কেন্দ্রীয় পর্যায়ের প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়েছে । দলের ধেমাজি জেলা সমিতির উদ্যোগে ধেমাজি, চিচিরগাঁও এবং জোনাই বিধানসভা কেন্দ্রের ব্যবস্থাপনায় আয়োজিত এই অনুষ্ঠানে দলের সভাপতি অতুল বরা সকালে পতাকা উত্তোলন করেন । এই অনুষ্ঠানে দলের কার্যকরী সভাপতি কেশব মহন্ত, সাংসদ বীরেন্দ্র প্রসাদ বৈশ্য, প্রবীণ নেতা ফণীভূষণ চৌধুরী সহ বহুসংখ্যক নেতা-কর্মী উপস্থিত ছিলেন ।

এদিকে শ্রীভূমি জেলার দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা এলাকার নিলাম বাজারে অসম গণপরিষদের ৪২তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়েছে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে দলের নেতা- শ্রীভূমি জেলা সংখ্যালঘু উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান একবাল হোসেইন সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন । দক্ষিণ করিমগঞ্জেও অনুরূপভাবে দলের প্রতিষ্ঠা দিবস পালন করা হয়েছে।

রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা ক্ষেত্রে গরুর দুধ, ডিম এবং মাংসের সংহত নমুনা জরীপ সম্পর্কে জেলা নোডাল আধিকারিক, ক্ষেত্র সহায়ক ও গণনাকারীদের মধ্যে আজ রাজ্য পর্যায়ের এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । এতে রাজ্যের পশুজাত সামগ্রী

উৎপাদনের ক্ষেত্রে আসামকে স্বাবলম্বী করার বিষয়ে রাজ্যের বিভাগীয় মন্ত্রী নীলিমা দেবীর গুরুত্ব আরোপ করেছেন।

শারদীয় নবরাত্রির আজ চতুর্থ দিনে দেবীকে কুম্ভান্ডা রূপে পূজা করা হয়েছে। আগামীকাল স্কন্দমাতা এবং পরশু কাত্যায়নী রূপে শক্তিরূপিনী মা দুর্গার পূজা করা হবে। ষষ্ঠীর সন্ধ্যায় দেবীকে বেদীতে প্রতিষ্ঠা করা হবে। সপ্তমীতে কালরাত্রি, মহাষ্টমীতে মহাগৌরী ও মহানবমীতে সিদ্ধিদাত্রী রূপে দেবীকে পূজা করার পর দশমীতে দেবী প্রতিমার বিসর্জন করা হবে। ধর্মীয় বিশ্বাস অনুসারে এবার দেবীর ঘোড়ায় আগমন এবং নৌকায় গমন করবেন। দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে রাজ্যের মন্দিরসমূহতে ধর্মীয় আচার অনুষ্ঠান মেনে নবরাত্রির পূজা অব্যাহত রয়েছে।

এদিকে বরাক উপত্যকার তিন জেলায়ও দুর্গাপূজা উপলক্ষ্যে প্রস্তুতি তুঙ্গে। শারদীয় দুর্গোৎসবের আর মাত্র দুদিন দিন বাকী থাকায় পূজামন্ডপগুলিতে চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি। ইতিমধ্যে উধারবন্দের দুটি বিগ বাজেটের পূজো মন্ডপ সহ উপত্যকার কয়েকটি পূজোমন্ডপের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন। উধারবন্দ হাসপাতাল রোড দুর্গাপূজা কমিটির এবার ৫৮ তম বর্ষে থিম হচ্ছে দেড়শ ফুট উচ্চতায় থাইল্যান্ডের বুদ্ধ মন্দিরের আদলে মন্ডপ এবং মন্ডপের আভ্যন্তরীণ সজ্জায় রয়েছে শ্রীকৃষ্ণের দ্বারকা নগরী। প্রতিমা নির্মাণেও বিশেষ ছাপ রেখেছে এই পূজো কমিটি। তারা পরিবেশবান্ধব খড়ের কারুকার্য দিয়ে প্রতিমাটি নির্মাণ করেছে। অন্যদিকে উধারবন্দ কালীবাড়ী রোড দুর্গাপূজা কমিটির এবারের থিম হচ্ছে আমেরিকার স্বামী নারায়ণ মন্দিরের আদলে তৈরী পূজো মন্ডপ। এছাড়াও এই পূজো কমিটির বিশেষ আকর্ষণ হচ্ছে লুপ্তপ্রায় লোকসংস্কৃতির পুতুল নাচ। এছাড়া আলোকসজ্জা ও তোড়গ নির্মাণেও তারা দর্শকদের আকর্ষিত করার প্রয়াস করেছে।

এছাড়া পূজোর কেনাকাটা করতে উপত্যকার বিভিন্ন বস্ত্র প্রতিষ্ঠান, জুতোর দোকান ইত্যাদিতে ক্রেতাদের উপচে পড়া ভীড় পরিলক্ষিত হচ্ছে। সব মিলিয়ে শারদোৎসবকে বরণ করে নিতে বরাক উপত্যকার সর্বত্র এখন সাজ সাজ রব।

এদিকে, হাইলাকান্দি জেলায় এবছর তিনশটি সার্বজনীন দুর্গা পূজার আয়োজন করা হয়েছে। এর মধ্যে হাইলাকান্দি শহরে ৪০টি সার্বজনীন দুর্গা পূজা অনুষ্ঠিত হচ্ছে। জেলা প্রশাসন থেকেও শারদীয়া দুর্গা পূজা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে নিরাপত্তা সহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এদিকে দুর্গা পূজার শুরুর আর মাত্র দুদিন বাকী

থাকায় জেলাজুড়ে প্রতিমা নির্মান ও মন্ডপ প্রস্তুতির কাজ শেষ পর্যায়ে রয়েছে ।
হাইলাকান্দি জেলার মৃৎ শিল্পীরা দিন-রাত এক করে প্রতিমা নির্মান করছেন ।

ভারতীয় জনতা পার্টির কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে কোকরোচ জনতা পার্টি ,
কংগ্রেস ও বাম দলগুলির আন্দোলনের বিরোধীতা করে এবং জনমত গঠন করার
লক্ষ্যে আজ শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে জনজাগরন সমাবেশ অনুষ্ঠিত হয়েছে ।
এরপর একটি প্রতিবাদী র্যালী মহানগরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে । দলীয়
কার্যসূচীতে রাজ্যের মন্ত্রী কৌশক রাই , রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ , সাংসদ
সুস্মিতা দেব , লোকসভার সাংসদ পরিমল শুরুবৈদ্য , বিজেপির জেলা সভাপতি রূপম
সাহা প্রমুখ উপস্থিত ছিলেন । বিদেশী শক্তির সহায়তায় দেশে অস্থিরতা সৃষ্টির প্রয়াস
করা হচ্ছে বলে বিজেপি দলের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে এবং এই
আন্দোলনের বিরুদ্ধে জনমত গড়ে তোলতে প্রতিবাদ কার্যসূচী পালন করা হয়েছে ।

আসাম সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে এবং পালংঘাট ডুগরুবস্তীর
শিব-দুর্গা ক্লাবের সহযোগীতায় আজ উধারবন্দ বিধানসভা কেন্দ্রে সেবা সংকল্প
অভিযানের সাথে সঙ্গতি রেখে চারটি স্থানে পথ নাটিকার আয়োজন করা হয়েছে ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন প্রশাসনে ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে-নমো সেবা গাঁথা :এক
অন্তহীন কাহিনী নামের বিশেষ পথ নাটিকাটি আজ জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মুখে
, রংপুর করাতিগ্রাম , উধারবন্দ বাজার এবং কাশিপুর বাজার পয়েন্টে পরিবেশন করা
হয়েছে । জেলার সাংস্কৃতিক আধিকারীক স্নেহাংশু শেখর রায় পথ নাটিকার সূচনা করেন
।

শিলচর রাধামাধব কলেজের বাংলা বিভাগের উদ্যোগে বরাক উপত্যকার সমৃদ্ধ লোক
সংস্কৃতি, বৈচিত্রময় লোক সংস্কৃতি ও লোক সাহিত্যের অমূল্য ভান্ডারকে অনুধাবন ,
সংরক্ষন এবং আগামী প্রজন্মের কাছে তুলে ধরার লক্ষ্যে আজ কলেজ প্রেক্ষাগৃহে
একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছে । আলোচনার বিষয় বস্তু ছিল- বরাক
উপত্যকার লোক সংস্কৃতি ও লোক সাহিত্য । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা ডক্টর
অরুন্ধতী দত্ত চৌধুরীর পৌরহিতে আয়োজিত আলোচনা সভায় মুখ্য বক্তা হিসেবে
আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের দু জন অধ্যাপক রমাকান্ত দাস ও বরুন জ্যোতি
চৌধুরী ।
